

- ৪২৩ -

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
আইসিটি সেল
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ে গঠিত ইনোভেশন টিমের নভেম্বর ২০১৬ মাসের সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ ফিরোজ সালাহ উদ্দিন, সচিব, রেলপথ মন্ত্রণালয়।
তারিখ : ০১.১২.২০১৬ খ্রিস্টাব্দ।
সময় : বিকাল ৪.০০ ঘটিকা।
স্থান : ৯ম তলার সভা কক্ষ (কক্ষ নং ৯৩০)

২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট 'ক'।

৩। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভার আলোচ্য বিষয় উপস্থাপন করার জন্য মন্ত্রণালয়ের প্রোগ্রামারকে অনুরোধ করেন। প্রোগ্রামার সভায় আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে উপস্থাপন করেন এবং উপস্থাপিত বিষয়সমূহে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
০১	যাত্রীগণ আরো সুন্দর/সহজভাবে যাতে ট্রেনে উঠতে ও নামতে পারে সেজন্য বাংলাদেশ রেলওয়ের বগিগুলো আরো সুন্দরভাবে সারণীবিন্যাস (Alignment) করার বিষয়ে আলোচনা হয়। বাংলাদেশ রেলওয়ের অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) জানান, বর্তমানে বগি সারণীবিন্যাস (Alignment) করা হয়। আরো সহজ ও আধুনিক পদ্ধতিতে সাজানোর জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভাকে আশ্বস্ত করেন।	নতুন করে ট্রেনের বগি সারণীবিন্যাস (Alignment) করার বিষয়ে সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে একটি power point presentation দিবেন।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে ৩। সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে
০২	বাংলাদেশ রেলওয়েতে টিকেট ছাড়া যাত্রী ভ্রমণ রোধ এবং আয় বৃদ্ধির জন্য চলন্ত ট্রেনে বিনা টিকিটে ভ্রমণকারী যাত্রীদের টিটিই(ট্রেন টিকিট এক্সামিনার)-দের মাধ্যমে দ্রুত Portable Electronics Machine এ টিকিট প্রদান চালু করা প্রয়োজন। এ বিষয়ে সিএসটিই/টেলিকম, Dutch Bangla Bank Ltd. (DBBL) এর কর্মকর্তাদের সাথে প্রাথমিক আলাপ-আলোচনা করেছেন মর্মে সভাকে অবহিত	বাংলাদেশ রেলওয়েতে ব্যবহারের জন্য Portable Electronics Machine system এর বিষয়ে DBBL একটি Demo Version presentation দিবে।	সিএসটিই/টেলিকম, বাংলাদেশ রেলওয়ে

HS


1826

	করেন।		
০৩	স্টেশনে Train স্থির থাকা অবস্থায় ট্রেনের টয়লেট ব্যবহার না করার জন্য যাত্রীদের পরামর্শ দিলেও তা প্রতিপালন হচ্ছে না। স্টেশনে অবস্থানরত অবস্থায় টয়লেট ব্যবহার করলেও যাতে ময়লা মাটিতে না পড়ে সে বিষয়ে টয়লেটগুলিতে নতুন সরল প্রযুক্তি ব্যবহার করে টয়লেট ব্যবহার উন্নয়ন বিষয়ে আলোচনা হয়।	রেলওয়ের টয়লেটগুলো স্থানীয় সরল প্রযুক্তি ব্যবহার করে উন্নত করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে
০৪	রেলওয়ের DEMU Train এ পরীক্ষামূলক ভাবে স্বল্পব্যয়ে AC-র ব্যবস্থা করার প্রচেষ্টা গ্রহণ করতে হবে। এ বিষয়ে গ্রামীণ AC পদ্ধতি ব্যবহার করা যায় কিনা সে বিষয়ে আলোচনা করা হয়।	বাংলাদেশ রেলওয়ের DEMU Train এ পরীক্ষামূলক ভাবে AC/গ্রামীণ AC ব্যবহার করা হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (আরএস), বাংলাদেশ রেলওয়ে
০৫	একটি নির্ধারিত সময়ের মধ্যে কালোবাজারীগণ একাধিক টিকেট ক্রয় করতে না পারে সেজন্য Biometric System চালুর মাধ্যমে টিকেট বিক্রির বিষয়ে আলোচনা হয়।	Biometric System ব্যবহারের মাধ্যমে ট্রেনের টিকেট বিক্রির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে
০৬	যাত্রীগণ যাতে সহজে ও তাৎক্ষণিকভাবে কল সেন্টারে ফোন করে ট্রেন সম্পর্কিত update তথ্য/সেবা পায় সে বিষয়ে আলোচনা করা হয়। কল সেন্টারের জন্য ১৩১ সংখ্যা নির্ধারণ করা হয়েছে ও ট্রেনের প্রতিটি বগিতে সংখ্যাটি স্থাপন করতে হবে মর্মে সভাপতি সভায় নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে সংসদীয় স্থায়ী কমিটির সিদ্ধান্ত আছে।	বাংলাদেশ রেলওয়ের যাত্রী সেবা উন্নত করার জন্য কল সেন্টার সেল স্থাপন ও ১৩১ সংখ্যাটি ব্যবহারের নিমিত্ত দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে
০৭	রেলওয়েতে মুক্তিযুদ্ধ ভাস্কর্য/স্মৃতিস্তম্ভ তৈরী করা হবে এবং রেলওয়ের যে সকল কর্মকর্তা/কর্মচারী মুক্তিযোদ্ধা/শহীদ তাদের নামের তালিকা প্রস্তুত করে স্মৃতিস্তম্ভে প্রদর্শন করার বিষয়ে সভায় আলোচনা হয়। সভাপতি এ বিষয়ে গঠিত কমিটিকে তাদের কার্যক্রম দ্রুত সম্পন্ন নির্দেশনা প্রদান করেন।	রেলওয়েতে মুক্তিযুদ্ধ ভাস্কর্য/স্মৃতিস্তম্ভ তৈরী এবং রেলওয়ের মুক্তিযোদ্ধা ও শহীদ কর্মকর্তা/কর্মচারীদের নামের তালিকা প্রস্তুত করে স্মৃতিস্তম্ভে নামফলক আকারে স্থাপন করতে হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে ২। অতিরিক্ত মহাপরিচালক, (আরএস), বাংলাদেশ রেলওয়ে ৩। বিভাগীয় রেলওয়ে ব্যবস্থাপক (ডিআরএম), চট্টগ্রাম।

Handwritten signature

			৪। বিভাগীয় তত্ত্বাবধায়ক/কারখানা (ডিএস), সৈয়দপুর।
০৮	স্থলপথে ও আকাশপথের এ্যাম্বুলেন্সের ন্যয় রেলপথে এ্যাম্বুলেন্স এর মাধ্যমে উন্নত যাত্রী সেবা দেওয়া যায় কিনা সে বিষয়ে সভায় আলোচনা হয়।	রেলওয়ে এ্যাম্বুলেন্স চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে

৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ ফিরোজ সালাহ উদ্দিন)
সচিব, রেলপথ মন্ত্রণালয়,
রেলভবন, ঢাকা